# পশ্চিমবঙ্গ সরকার
## পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর
## জেশপ বিল্ডিং, ৬৩, নেতাজী সুভাষ রোড
## কলকাতা - ৭০০ ০০১

নং : ৩৫০৭/পি.এন./ও/ ১/২এ- ১/৯৩ (অংশ-৩) তারিখ : ২৮. ০৮. ২০০৮

## আদেশনামা

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (পশ্চিমবঙ্গ আইন নং ১৯৭৩-এর ৪১)-এর ১৪৩ ধারার (৮) উপধারা ও ১৪৫ ধারার (১) উপধারার (ঘ) অনুচ্ছেদ বলে সযত্ন বিবেচনার পর মাননীয় রাজ্যপাল উল্লিখিত আইনের ২১২ ধারায় প্রদত্ব ক্ষমতাবলে সন্তোষ সহকারে নিম্নলিখিত আদেশনামা প্রকাশ ও প্রচার করছেন ।

২। জেলা পরিষদ তার সাধারণ সভায় সিদ্ধান্ত গ্রহণ করে কোন পদাধিকারী বা সদস্যকে তাঁর লিখিত আবেদনের ভিত্তিতে ও তার অসুবিধা ও প্রয়োজনের কথা বিবেচনা করে একাধিক্রমে অথবা বিভিন্ন সময়ে কোন ইংরাজী ক্যালেন্ডার বৎসরের মধ্যে মোট অনধিক তিন মাস ছুটি [ছুটি শুরু হওয়ার বা শেষ হওয়ার মাসে যদি উক্ত পদাধিকারী বা সদস্য ১৫(পনের) দিন বা তার বেশী দিন কাজের দায়িত্বে থাকেন তাহলে সংশ্লিষ্ট মাস উক্ত তিন মাসের মধ্যে গন্য হবে না । আর ১৫ (পনের) দিনের কম কাজের দায়িত্বে থাকলে সংশ্লিষ্ট মাস ছুটির মাস বলে নির্ধারিত হবে] মঞ্জুর করতে পারে । এই মঞ্জুরীকৃত ছুটির সময়ে তিনি জিলা পরিষদ থেকে তাঁর প্রাপ্য রেমুনারেশন বা ভাতা বা অন্যান্য সুযোগ সুবিধা পাওয়ার অধিকারী থাকবেন ।

৩। বিশেষ নিয়ম অনুযায়ী জেলা পরিষদ কোন বিশেষ ক্ষেত্রে কোন পদাধিকারী বা সদস্যের নিয়ন্ত্রণ বর্হিভূত গুরুত্বপূর্ণ প্রয়োজনের কথা বিবেচনা করে তাঁর লিখিত আবেদনের ভিত্তিতে তাঁকে পূর্বের নিয়ম অনুযায়ী মঞ্জুরীকৃত ছুটি সমেত অনধিক ৩৬৫ দিন ছুটি মঞ্জুর করতে পারে । এই ক্ষেত্রে সংশ্লিষ্ট পদাধিকারী বা সদস্য জেলা পরিষদের অর্থভান্ডার থেকে তাঁর সাধারণভাবে প্রাপ্য রেমুনারেশন, ভাতা বা অন্যান্য সুযোগ সুবিধা পাওয়ার অধিকারী থাকবেন না ।

এইরূপ ক্ষেত্রে মঞ্জুরীকৃত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট পদাধিকারী বা সদস্যের অনুপস্থিতি বিধিসম্মত বলে গন্য হবে এবং অনুপস্থিতির কারণে তাঁর বিরুদ্ধে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে না ।

৪। জেলা পরিষদ উক্ত সময়কালের অতিরিক্ত কোন ছুটি মঞ্জুর করবে না এবং মঞ্জুরীকৃত ছুটির বাইরে কেউ কোন ছুটি উপভোগ করলে বা অনুপস্থিত থাকলে তাঁর বিরুদ্ধে আইনসম্মত ব্যবস্থা গ্রহণ করতে পারবে ।

৫। পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (জেলা পরিষদ প্রশাসন) নিয়মাবলী, ২০০৮-এর মধ্যে এই নির্দেশ অন্তর্ভূক্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে ।

রাজ্যপালের আদেশানুসারে,

স্বাঃ- মানবেন্দ্রনাথ রায়

প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার

**নং : ৩৫০৭/ ১(৬)/পি.এন./ও/ ১/২এ- ১/৯৩ (অংশ-৩)** **তারিখ : ২৮. ০৮. ২০০৮**

আদেশনামার প্রতিলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য প্রেরিত হল :

১. কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পঞ্চায়েত ভবন, কলকাতা-৭০০ ০০১ ।

২. অধিকর্তা, রাজ্য পঞ্চায়ত ও গ্রামান্নয়ন সংস্থা ।

৩. জেলা শাসক ও নির্বাহী আধিকারিক........................................................................ জেলা পরিষদ ।

৪. জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক ......................................................................................জেলা ।

৫. ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একান্ত সচিব ।

৬. রাষ্ট্রমন্ত্রী মহাশয়ের একান্ত সচিব ।

(মধুমিতা রায়)
যুগ্ম সচিব, পশ্চিমবঙ্গ সরকার